দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

নওয়াপাড়া কলেজ

এ বছর সংস্কার না করলে মাঠে ক্লাস বসাতে হবে

কলেজটির চারদিক জীর্ণদশা -ইত্তেফাক

অভয়নগর (যশোর) থেকে সংবাদদাতা ॥ যশোরের নওয়াপাড়া ডিগ্রী কলেজের দেড় সহস্রাধিক শিক্ষার্থী জীবনের ঝুঁকি নিয়ে জরাজীর্ণ ভবনে শিক্ষা কার্যক্রম চালাচ্ছে। ভবনটিতে যে কোন সময় দুর্ঘটনার আশঙ্কা রয়েছে। যশোর যশোরে একমাত্র প্রাচীন বেসরকারী বিদ্যাপীঠ নওয়াপাড়া ডিগ্রী কলেজ ১৯৬৬ সালে প্রতিষ্ঠা লাভের পর থেকে এ পর্যন্ত শিক্ষা, ক্রীড়া ও সাংস্কৃতিক ক্ষেত্রে ব্যাপক সফলতার স্বাক্ষর রেখেছে। গত বছরে অনুষ্ঠিত ডিগ্রী (পাস) পরীক্ষায় ৩ জন পরীক্ষার্থী প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় এ যাবৎ রেকর্ড সংখ্যক ছাত্রছাত্রী সর্বশেষ দেশ ভাগিকায় স্থান লাভ করেছে। কলেজের ভবনের মেরামতের কাজ না হওয়ায় বর্তমান কলেজটির শ্রেণী কক্ষগুলি ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। ছাদের দেয়াল, পিলার ও ছাদ ফাটল ধরেছে। যেকোন মুহূর্তে ধসে পড়ার আশঙ্কা রয়েছে। বিশেষ করে গত কয়েক দিনের প্রবল বৃষ্টিতে ভবনের ছাদ দিয়ে পানি পড়ছে। চলাচল, দরজা নষ্ট হওয়ার কারণে বৃষ্টির সময় ক্লাস নেওয়াতো দূরের কথা বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সমূহ নেওয়া সম্ভব হচ্ছে না। ক্লাস চলাকালে মাঝে মাঝে ছাদের অংশ বিশেষ ভেঙ্গে পড়ে ছাত্র/ছাত্রী আহত হয়েছে। ভবনটি নির্মাণের পর থেকে সংস্কার না করায় এবং ত্রুটিপূর্ণ নকশার কারণে বিশাল ভবনটির ছাদ ধসে পড়ার উপক্রম হয়েছে। শিক্ষক সমিতি ইতিমধ্যে ভবনটি পরিত্যক্ত ঘোষণার সুপারিশ করলেও কলেজের শিক্ষা কার্যক্রম সচল রাখার স্বার্থে শ্রেণী কক্ষ না থাকায় বর্তমান ভবনটি পরিত্যক্ত ঘোষণা করতে পারছে না। এ ব্যাপারে কলেজের অধ্যক্ষ শেখ আঃ লতিফের [illegible] রয়েছে যদি [illegible] ভবনটি সংস্কার করতে পারেন [illegible] ছাত্রছাত্রীদের [illegible] হবে।